উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

উপজেলা পরিষদ
দীঘিনালা
খাগড়াছড়ি পার্বত্য জেলা
dighinala.khagrachhari.gov.bd

স্মারক নং-৪৬.০২.৪৬৪৩.০০০.০৬.০০.২১- ০৮

তারিখ ঃ ২২ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

-ঃ নোটিশ ঃ-

মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা এর স্মারক নং : ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫-৭৩২, তারিখ : ০৮/০৮/২০১৬ খ্রিঃ পত্র মূলে উপজেলা পরিষদের **জানুয়ারি/২০২৩খ্রিঃ** মাসের মাসিক সাধারণ সভা আগামী **২৫-০১-২০২৩ খ্রিঃ তারিখ বুধবার** বেলা **১১ : ০০** ঘটিকায় জনাব মো ঃ কাশেম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি তাঁরই সভাপতিত্বে উপজেলা পরিষদ অডিটরিয়ামে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো এবং সভায় যোগদানের সময় স্ব-স্ব বিভাগের **ডিসেম্বর/২০২২খ্রিঃ** মাসের কার্যপত্র সভা আরম্ভের পূর্বে ই-মেইল যোগে (uzpdighinala@gmail.com) অথবা সরাসরি পরিষদ কার্যালয়ে আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, যথাযথ কারণ ছাড়া উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভায় অফিস প্রধান ব্যতীত প্রতিনিধি প্রেরণ না করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

সভার আলোচ্যসূচি ঃ

০১। গত সভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন।
০২। স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৩। ২০২২-২৩ অর্থ বছরে এডিপি বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্পের কার্যক্রম বিষয়ে পর্যালোচনা।
০৪। ইউজিডিপি প্রকল্পের কার্যক্রম বিষয়ে পর্যালোচনা।
০৫। উপজেলা পরিষদ হস্তান্তরিত দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৬। বিবিধ।

২২/০১/২৩

(মুহাম্মদ আরাফাতুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
দীঘিনালা
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
দীঘিনালা উপজেলা পরিষদ
খাগড়াছড়ি পার্বত্য জেলা
E-mail: uzpdighinala@gmail.com

অনুলিপি, সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৯৮ খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০২। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি।
০৫। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি।
০৬। উপজেলা ------------------------------------------------------------------------------কর্মকর্তা, দীঘিনালা, খাগড়াছড়ি।
০৭। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, মেরুং/বোয়ালখালী/কবাখালী/দীঘিনালা/বাবুছড়া দীঘিনালা, খাগড়াছড়ি।
০৮। মিজ.................................................... উঃ সংরক্ষিত ও ইউপি সদস্যা, মেরুং ইউনিয়ন পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি।
০৯। অফিস কপি।

উপজেলা পরিষদ
দীঘিনালা
খাগড়াছড়ি পার্বত্য জেলা
Website: dighinala.khagrachhari.gov.bd

(সভা নং-৪৯)

## উপজেলা পরিষদ জানুয়ারি/২০২৩খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ কাশেম
চেয়ারম্যান
দীঘিনালা উপজেলা পরিষদ
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

সভার তারিখ ঃ ২৫-০১-২০২৩ খ্রিঃ
সময় ঃ বেলা ১১ ঃ ০০ ঘটিকা
স্থান ঃ উপজেলা পরিষদ সেমিনার কক্ষ।

*সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নাম ও পরিচিতি পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য*

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে নতুন বছরের শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসারকে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। চেয়ারম্যান মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। গত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন, সংযোজন ও বিয়োজন না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। পরে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী। | গত সভায় অনুষ্ঠিত কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ২৩ ভোটে অনুমোদিত। | উপজেলা কমিটি ও সংশ্লিষ্ট সকল। |
| ০২ | উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | বিবেচ্য মাসে উপজেলা পরিষদ কমিটির কোন সুপারিশ না থাকায় সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করা গেল না। | উপজেলা পরিষদের গঠিত ১৭টি কমিটির সভা নিয়মিত করার জন্য উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় এবং সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে অনুরোধ করা হয়। | ১। ভাইস চেয়ারম্যানদ্বয় ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, দীঘিনালা। |
| ০৩ | ইউপি চেয়ারম্যানগণের প্রস্তাব, সুপারিশ ও কার্যক্রম বিষয়ে আলোচনা। | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের থেকে কোন প্রস্তাব, সুপারিশ না থাকায় সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করা গেলা না।<br>মেরুং ইউপি চেয়ারম্যানকে দৃষ্টি আকর্ষণ করে উপজেলা নির্বাহী অফিনার সভায় বলেন যে, মেরুং ইউনিয়নে প্রায় সময়ে বাল্য বিয়ে অনুষ্ঠিত হয়ে থাকে। তাই বাল্য বিয়ে রোধে বহুল প্রচারের লক্ষ্যে এলাকায় বা পাড়ায় বাল্য বিয়ে সংক্রান্ত বিষয়ে উঠোন বৈঠক আয়োজনের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলায় সংশ্লিষ্ট সকল ইউনিয়নের সকল প্রস্তাব, সুপারিশ ও কার্যক্রম তাদের প্রতি মাসে অনুষ্ঠেয় সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।<br>মেরুং ইউনিয়নে বাল্য বিয়ে রোধে এলাকার জনগণকে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন পাড়ায় উঠান বৈঠক আয়োজনের জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা কমিটি ও সংশ্লিষ্ট সকল।<br>২। চেয়রম্যান, মেরুং ইউপি। |
| ০৪ | ইউজিডিপি প্রকল্পের কার্যক্রম বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | উপজেলায় কর্মরত ইউডিএফ সভায় বলেন যে, স্থানীয় সরকার কর্তৃক বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) কর্তৃক ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা পরিষদের সংশ্লিষ্ট কার্যক্রমের উপর অনলাইনে উপজেলা ওয়েব পোর্টাল বিশ্লেষণ মাধ্যমে দীঘিনালা উপজেলা পরিষদের সক্ষমতা যাচাই কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন হওয়ায় তিনি সংশ্লিষ্ট সকল সরকারি দফতরের কমকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | উপজেলা পরিষদের ৬ষ্ঠ কর্মদক্ষতা চূড়ান্ত মূল্যায়নে যদি কোন তথ্য/ডকুমেন্ট প্রয়োজন পড়লে সংশ্লিষ্ট সকল অফিস প্রধানকে তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। পাশাপাশি উপজেলা ইউডিএফকে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা পরিষদ সকল দফতর প্রধানগণ দীঘিনালা, খাগড়াছড়ি।<br>২। ইউডিএফ, উপজেলা পরিষদ কার্যালয়, দীঘিনালা। |

উপজেলা পরিষদ হস্তান্তরিত সরকারি দপ্তর দফতরমূহের কার্যক্রম বিষয়ে আলোচনা ও পর্যালোচনা

<table>
<tr><th>নং</th><th>সরকারি দপ্তরের নাম</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>০১</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ দপ্তর ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা তাঁর দপ্তরের ডিসেম্বর/২০২২ খ্রিঃ মাসের কার্যক্রম নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।<br><br>(১) সাধারণ চিকিৎসা কার্যক্রমের আওতায়- আন্তঃবিভাগে ৩৪৪ জন, বর্হিবিভাগে ৪৭৫২ জন, জরুরী বিভাগে ৪৪০ জন এবং কমিউনিটি ক্লিনিকে ৫৮৪২ জনকে সেবা প্রদান করা হয়েছে।<br><br>(২) প্রসূতি সেবা কার্যক্রমের আওতায়- এএনসি ১৩৮৩ জন, পিএনসি ৩০১ জন এবং ডেলিভারী ৩০০ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে।<br><br>(৩) ম্যালেরিয়া ও ডেঙ্গু রোগী সেবা কার্যক্রমের আওতায়- পরীক্ষিত রক্তকাঁচ ও আরডিটি ১৬২২ জনকে পরীক্ষা করা হলেও কোন পজিটিভ রোগী পাওয়া যায়নি। এছাড়াও উপজেলা কোভিড সংক্রান্ত তথ্যের বিষয়ে নিম্নোক্তভাবে উপস্থাপন করা হয়।<br><br>
<table>
<tr><th colspan="3">১ম ডোজ ভ্যাকসিন গ্রহণকারী (ছাত্র-ছাত্রীসহ)</th><th colspan="3">১ম ডোজ ভ্যাকসিন গ্রহণকারী</th><th colspan="3">২য় ডোজ ভ্যাকসিন গ্রহণকারী</th><th colspan="3">৩য় ডোজ ভ্যাকসিন গ্রহণকারী</th></tr>
<tr><th>ছাত্র</th><th>ছাত্রী</th><th>মোট</th><th>পু</th><th>ম</th><th>মোট</th><th>পুরুষ</th><th>মহিলা</th><th>মোট</th><th>পুরুষ</th><th>মহিলা</th><th>মোট</th></tr>
<tr><td>৩২৬২</td><td>৩৪৪৪</td><td>৬৭০৬</td><td>৪৬৫৭০</td><td>৪৩৯৩৭</td><td>৯০৫৩৭</td><td>৩৮৬১৬</td><td>৩৬৬৮১</td><td>৭৫২৯৭</td><td>১৮৫৩৫</td><td>১৬০৮২</td><td>৩৪৬১৭</td></tr>
</table>
</td><td>উপজেলায় ইউনিয়ন স্বাস্থ্য সেবা কেন্দ্রে আরো বেশী স্বাস্থ্য সেবা প্রদানের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ কল্যাণ কর্মকর্তাকে দৃষ্টি আকর্ষণ করা হয়।</td><td>১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, দীঘনালা।<br><br>২। উপাজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দীঘিনালা।</td></tr>
<tr><td>০২</td><td>উপজেলা কৃষি দপ্তর ঃ উপজেলা কৃষি কর্মকর্তা তাঁর দপ্তরে ডিসেম্বর/২০২২খ্রিঃ মাসের কার্যক্রম সম্পর্কে সভায় বলেন যে, খরিফ-২ মৌসুমে ৪৫২৭ হেক্টর আমন ধানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং অর্জন হয়েছে ৪৭৬০ হেক্টর। ২০২২-২৩ অর্থ বছরে অনাবাদি পতিত ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্প এর আওতায় পারিবারিক পুষ্টি বাগান প্রদর্শনী উপজেলায় বিভিন্ন ব্লকে স্থাপন করা হচ্ছে এবং বর্তমানে প্রদর্শনীর কার্যক্রম চলমান রয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে লেবুজাতীয় ফসলের সম্প্রসারণ, ব্যবস্থাপনা ও উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় উপজেলা বিভিন্ন ব্লকে প্রদর্শনী স্থাপন করা হয়েছে এবং বর্তমানে প্রদর্শনীর কার্যক্রম চলমান রয়েছে। কাজুবাদাম ও কফি গবেষণা, উন্নয়ন সম্প্রসারণ প্রকল্প এর আওতায় ২০২২-২৩ অর্থ বছরে কাজুবাদাম ও কফি জাত ও বাণিজ্যিক প্রদর্শনী স্থাপন করা হয়েছে এবং বর্তমানে প্রদর্শনীর কার্যক্রম চলমান রয়েছে। ২০২২-২৩ মৌসুমে ৭৪০.০ হেক্টর গ্রীস্মকালীন শাক-সবজি আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ এবং আবাদ অগ্রগতি চলমান রয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে রবি মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় ১৩০টি ভুট্টা, ৩৫৯টি সরিষা ও ২০টি সূর্যমুখীর প্রণোদনা প্রদর্শনী বরাদ্দ পাওয়া যায় এবং ইউনিয়ন ভিত্তিক বিভাজন করা হয়েছে এবং বিতরণ প্রক্রিয়াধীন রয়েছে। অত্র উপজেলায় রাসায়নিক সার পর্যাপ্ত মজুদ আছে এবং বিভাগীয় অন্যান্য কার্যক্রম সন্তোষজনক পর্যায়ে রয়েছে মর্মে তিনি সভায় জানান।<br><br>সভাপতি সভায় বলেন যে, উপজেলায় অনেক কৃষক কিছু অর্থ লাভের আশায় তামাক চাষে দিকে ঝুঁকছে। এতে সহজ সরল কৃষক স্বাস্থ্য ঝুঁকিতে রয়েছে এবং ক্ষতিগ্রস্ত হচ্ছে মর্মে সভায় জানান। তাই উপজেলায় তামাক চাষে নিরুৎসাহীত করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করেন।</td><td>উপজেলায় তামাক চাষে নিরুৎসাহিত করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা, দীঘিনালা।</td></tr>
<tr><td>০৩</td><td>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি তাঁর দপ্তরে ডিসেম্বর/২০২২খ্রিঃ মাসের কার্যক্রম নিম্নোক্ত ভাবে উপস্থাপন করেন।<br>(১) টিকা প্রদান ঃ (ক) গবাদি পশু (সংখ্যা)- ২৪২০টি (খ) হাঁস/মুরগী ঃ হাঁস -মুরগী (সংখ্যা) ২৮৯০০ টি ।<br>(২) চিকিৎসা ঃ (ক) গবাদি পশু (সংখ্যা)ঃ ৬১০টি, (খ) হাঁস/মুরগী (সংখ্যা)-১০৪৯৪টি।<br>(৩) গবাদিপশুর রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ-০টি।<br>(৪) গবাদিপশু ও পাখির ডিজিস সার্ভিলেন্স সম্পাদন (সংখ্যা)ঃ ০১টি<br>(৫) গবাদিপশু ও হাঁস-মুরগীর খামার স্থাপন বিষয়ে উঠান বৈঠক আয়োজন (সংখ্যা)ঃ ০১টি।<br>(৬) খামারী পর্যায়ে স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ(একর)ঃ ০.২৫ একর।<br>(৭) খামার পরিদর্শন (সংখ্যা) ঃ ৬টি (৮) কৃত্রিম প্রজনন সংখ্যা ১৩৩ টি (৯) রাজস্ব আদায় হয়েছে ১০৬৩০/-টাকা আদায় হয়েছে মর্মে তিনি সভায় জানান।</td><td>বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল, কার্যক্রম সন্তোষজনক।</td><td>উপজেলা কমিটি ও সংশ্লিষ্ট সকল।</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৪ | **স্থানীয় সরকার প্রকৌশল দপ্তর ঃ** উপজেলা প্রকৌশলীর তাঁর দপ্তরে ডিসেম্বর/২০২২খ্রিঃ মাসের কার্যক্রম সম্পর্কে সভায় বলেন যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় টেন্ডারে মাধ্যমে বাস্তবায়নের জন্য গৃহীত প্রকল্পসমূহ **e-GP** এর মাধ্যমে অনলাইনে টেন্ডার আহ্বান করা হয়েছে। বর্তমানে লাইভে রয়েছে মর্মে তিনি সভায় জানান। | ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি প্রাপ্ত বরাদ্দের আওতায় অনুমোদিত প্রকল্পসমূহের কাজ দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দীঘিনালা। |
| ০৫ | **উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা তাঁর দপ্তরে ডিসেম্বর/২০২২খ্রিঃ মাসের কার্যক্রম সম্পর্কে বলেন যে, উপজেলায় মোট সক্ষম দম্পতির সংখ্যা ১৬৯১৮ জন, খাবার বড়ি গ্রহণকারী (নতুন) ২১৮ জন, কনডম ব্যবহারকারী (নতুন) ২৪ জন, ইনজেকশন গ্রহণকারী (নতুন) ১৩৫ জন, আইইউডি গ্রহণকারী (নতুন) ১৬ জন, ইমপ্ল্যান্ট গ্রহণকারী (নতুন) ২৫ জন স্থায়ী পদ্ধতি (ক) পুরুষ- ০১ জন (খ) মহিলা- ০০ জন, গর্ভখালাস (স্বাভাবিক ৩৭ জন, সিজারিয়ান-০৪ জন এবং অন্যান্য-২৩ জন)। গর্ভবর্তী পরিচর্যা করা হয়েছে ২২৭ জন, প্রসব পরবর্তী পরিচর্যা ১২৪ জন, চলতি মাসে জীবিত জন্মের সংখ্যা ৬৪ জন, উপজেলায় মৃতের সংখ্যা ২১ জন, সাধারণ রোগীর সেবা প্রদান ১৬০৮ জন, চলতি মাসে নবদম্পতি সংখ্যা ০৭ জন, উপজেলায় সর্বমোট পঃপঃ গ্রহণকারী (নতুন+পুরাতন) সংখ্যা ১৩,৪৭১ জন এবং এ কার্যালয়ে মোট সেবা গ্রহণকারীর হার ৭৯.৬৩% মর্মে তিনি সভায় জানান। | ইউনিয়ন সিসি ক্লিনিকে সাধারণ রোগীর সেবার মান বৃদ্ধির লক্ষ্যে উপজেলা ইউএইচএফপিও এর সাথে আলোচনার মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, দীঘিনালা।<br>২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দীঘিনালা। |
| ০৬ | **উপজেলা শিক্ষা দপ্তর ঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি তাঁর দপ্তরে ডিসেম্বর/২০২২খ্রিঃ মাসের কার্যক্রম সম্পর্কে সভায় বলেন যে, (১) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক লক্ষ্যমাত্রা অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন অব্যাহত রয়েছে। উপজেলায় দুর্গম এলাকার বিদ্যালয়সমূহ পরিদর্শনের ক্ষেত্রে অগ্রাধিকার ভিত্তিতে পরিদর্শণ কার্যক্রম অব্যাহত রয়েছে। বিদ্যালয়সমূহের অধ্যায়নরত শিক্ষার্থী ও কর্মরত শিক্ষকগণকে নিয়মিত উপস্থিতি এবং শ্রেণি কক্ষ্যে পাঠদানের গুণগতমান বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা ও পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে।<br>(২) ঝরাজীর্ণ এবং মেরামতযোগ্য বিদ্যালয়গুলো পুনঃনির্মাণ ও মেরামতের জন্য সংশ্লিষ্ট উর্দ্ধতন দফতরে তালিকাসহ প্রস্তাব প্রেরণ করা হয়েছে। পাশাপাশি স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) কর্তৃক বাস্তবায়নাধীন প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়নের কাজসমূহ তদারকী অব্যাহত রয়েছে মর্মে তিনি সভায় জানান। | উপজেলায় শিক্ষার মান উন্নয়নের জন্য লক্ষ্যে প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, দীঘিনালা। |
| ০৭ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর দপ্তরের ডিসেম্বর/২০২২খ্রিঃ মাসের বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় বলেন যে, উপজেলায় সকল মাধ্যমিক বিদ্যালয়ে নতুন বই বিতরণের জন্য ৭০% বই বরাদ্দ পাওয়া যায়। প্রাপ্ত বরাদ্দের আলোকে উপজেলায় সকল মাধ্যমিক বিদ্যালয়ে নতুন বই বিতরণ করা হয়েছে। ৬ষ্ঠ-৮ম শ্রেণির শিক্ষার্থীদের বইসমূহ নতুন কারিকুলামে হওয়ার কারণে শিক্ষকগণকে পর্যায়ক্রমে সংশ্লিষ্ট বিষয়ে জেলায় প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও ৫১তম শীত কালীন ক্রীড়া প্রতিযোগিতায় জেলা পর্যায়ে উপজেলার ক্রিকেট টিম খেলায় ১ম স্থান গৌরব অর্জন করায় বিভাগীয় পর্যায়ে খেলায় অংশ গ্রহন করবে মর্মে তিনি সভায় জানান। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল, কার্যক্রম সন্তোষজনক। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,দীঘিনালা। |
| ০৮ | **উপজেলা মৎস্য দপ্তর ঃ** উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি তাঁর দপ্তরের ডিসেম্বর/২০২২খ্রিঃ মাসের কার্যক্রম সম্পর্কে সভায় বলেন যে, ২০২২-২৩ অর্থ বছরে সাধারণ কর্মসূচির আওতায় রাজস্ব খাতে ০১ (এক) দিন উপজেলা মৎস্যচাষীদের প্রশিক্ষণের জন্য ১২৫০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়। প্রাপ্ত বরাদ্দের আলোকে গত ২৮-১২-২০২২খ্রিঃ তারিখে রশিক নগর আনসার ও ভিডিপি ক্লাবে প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করা হয়। তাছাড়া গত ০৮-০১-২০২৩খ্রিঃ তারিখে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মহোদয় জনাব শ্যামল চন্দ্র কর্মকার দীঘিনালা উপাজেলা মৎস্য অফিস পরিদর্শন করেন এবং সন্তোষ্টি প্রকাশ করেন মর্মে তিনি সভায় জানান। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল, কার্যক্রম সন্তোষজনক। | উপজেলা মৎস্য কর্মকর্তা, দীঘিনালা। |

৯ **উপজেলা সমাজসেবা দপ্তর ঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা তাঁর দপ্তরের ডিসেম্বর/২০২২খ্রি: মাসের কার্যক্রম নিম্নোক্তভাবে উপস্থাপন করে।

বাংলাদেশ জাতীয় সমাজ কল্যাণ পরিষদ ঃ

| ক্রম | বিবরণ | অনুমোদন সংক্রান্ত |
|---|---|---|
| ১ | প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর ৩১ ধারা মোতাবেক উপজেলার ৫টি ইউনিয়নে ২৪২ জন প্রতিবন্ধী ব্যক্তি নিবন্ধন ও পরিচয়পত্র পাওয়া জন্য আবেদন করেছেন। | বিশেষজ্ঞ ডাক্তার ও উপজেলা কমিটি কর্তৃক যাচাই-বাছাই পূর্বক ১৮৯ জন প্রতিবন্ধী ব্যক্তিকে সনাক্তকরণ ও অনুমোদন দেয়া হয়েছে এবং পরিচয়পত্র প্রদানের প্রক্রিয়াধীন রয়েছে। |

উপজেলা রোগী কল্যাণ সমিতি কার্যক্রমঃ

| ক্রম | খাতের নাম | সুবিধাভোগীর সংখ্যা | ব্যয়িত অর্থ |
|---|---|---|---|
| ১ | হাসপাতালে ভর্তিকৃত দুস্থ রোগীর ঔষধ প্রদান বাবদ | ০১ জন | ১২৯৬ টাকা |

সিদ্ধান্ত: ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা সংক্রান্ত আবেদন দ্রুত সময়ে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের চেক বিতরণ।

| ক্রম | খাতের নাম | প্রাপ্ত আবেদণের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা কর্মসূচি | ০৯ টি | প্রাপ্ত ০৯ জনের আবেদন সুপারিশ সহকারে জেলা কমিটিতে প্রেরণ করা হয়েছে। |

বাস্তবায়নে: উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দীঘিনালা।

১০ **উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ দপ্তর ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা তাঁর দপ্তরের ডিসেম্বর/২০২২খ্রি: মাসের কার্যক্রম নিম্নোক্তভাবে উপস্থাপন করনে।

| বরাদ্দের খাত | পর্যায় | মোট বরাদ্দ টাকা/ খাদ্যশস্য | প্রকল্প সংখ্যা | ছাড়কৃত অর্থ/ খাদ্যশস্য | অব্যয়িত অর্থ/ খাদ্যশস্য | কাজের বাস্তাবায়ন অগ্রগতির হার (%) |
|---|---|---|---|---|---|---|
| গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) উপজেলা পরিষদওয়ারী নগদ অর্থ | ১ম | ৩২১৫১৮৩.৪৬ | ২৬টি | ৩২১৫১৮৩ .৪৬ | --- | ১০০% |
| গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) উপাজেলা পরিষদওয়ারী খাদ্যশস্য (চাল) | ১ম | ৩৩.৯২৭৮ মে:টন | ৬টি | ৩৩.৯২৭৮ মে:টন | --- | ১০০% |
| গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) উপাজেলা পরিষদওয়ারী খাদ্যশস্য (গম) | ১ম | ৩৩.৯২৭৮ মে:টন | ৬টি | ৩৩.৯২৭৮ মে:টন | --- | ১০০% |
| গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) উপজেলাওয়ারী নগদ অর্থ | ১ম | ৫০৮৯১২৫.৯৭ /- | ১৬টি | ৫০৮৯১২৫ .৯৭/- | --- | ১০০% |
| গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) জেলা প্রশাসক অনুকুলে নগদ অর্থ | ১ম | ২২০০০০/- | ২টি | ২২০০০০/- | --- | ১০০% |
| গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) নির্বাচনী এলাকাভিত্তিক নগদ অর্থ | ১ম | ১০০০০০০/- | ৪টি | ১০০০০০০ /- | --- | ১০০% |
| গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) নির্বাচনী এলাকাভিত্তিক নগদ অর্থ | ১ম | ১২০০০০০/- | ৩টি | ১২০০০০০ /- | --- | ১০০% |
| গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) উপজেলাওয়ারী খাদ্যশস্য (চাল) | ২য় | ৩৩.৯১৪৪মে:টন | ৮টি | --- | ৩৩.৯১৪৪মে: টন | কার্যক্রম প্রক্রিয়াধীন |
| গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) উপজেলাওয়ারী খাদ্যশস্য (গম) | ২য় | ৬৭.৮২৮৭মে:টন | ১১টি | -- | ৬৭.৮২৮৭মে :টন | কার্যক্রম প্রক্রিয়াধীন |
| অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) | ১ম | ১০১৬টি কার্ড | ১৮টি | -- | -- | ১০০% |
| গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ। (২য় পর্যায়) | | ৭০৯৬০০০/- (১০০০মিটার) | ১টি | -- | ৭০৯৬০০০/- | ২০% |
| দুর্যোগসহনীয় বাসগৃহ নির্মাণ | | ২৯১৬৫০০০/- | ১০০টি | -- | ২৪১৬৫০০০/ - | ২০% |

সিদ্ধান্ত: বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল, কার্যক্রম সন্তোষজনক করা হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দীঘিনালা।

<table>
<tr>
<td>১১</td>
<td>উপজেলা যুব উন্নয়ন দপ্তর ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি তাঁর দপ্তরের ডিসেম্বর/২০২২খ্রিঃ মাসের বিভাগীয় কার্যক্রম নিম্নোক্তভাবে উপস্থপন করেন।<br>(ক) আত্নকর্মসংস্থান কর্মসূচির আওতায় ঃ প্রধান কার্যালয় থেকে প্রাপ্ত ২৫,৩৮,১২৫ টাকা, ঘূর্ণায়মান ঋণ বিতরণ-৩,১৮,৪০,০০০ টাকা, আদায়যোগ্য ২,৯২,৭০,৯১৫ টাকা, ক্রমপুঞ্জিত ঋণ আদায়- ২,৮০,৬৩,১২৯ টাকা, মোট খেলাপি-১৩,১৪,১৩১ টাকা, ক্রমপুঞ্জিত আদায় হার ৯৬%, মোট ঋণী সংখ্যা ১৪১২ জন, মোট উপকারভোগীর সংখ্যা ৯৫৫ জন, ২০২২-২০২৩ অর্থ বছরে ঋণ বিতরণ ১১,৪৫,০০০ টাকা।<br>(খ) পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচি ঃ মোট তহবিল- ২০,০০,০০০ টাকা, ঘূর্ণায়মান ঋণ বিতরণ- ১,২৫,৬০,০০০ টাকা, মোট আদায়যোগ্য- ১,১৯,৪২,৪০০ টাকা, ক্রমপুঞ্জিত ঋণ আদায়- ১,১৬,৬৯,০০০ টাকা, খেলাপি ঋণ ২,৩৬,৪০০ টাকা, ক্রমপুঞ্জিত আদায় হার ৯৮%, মোট ঋণী সংখ্যা- ৯০৫ জন, মোট উপকারভোগী সংখ্যা ৪৫৫ জন।<br>(গ) জোরদার প্রকল্পের আওতায় ঃ মোট তহবিল- ২,০০,০০০ টাকা, মোট বিতরণ- ৪,২০,০০০, মোট আদায়যোগ্য- ৩,১৫,০০০ টাকা, ক্রমপুঞ্জিত আদায়-৩,১৫,০০০ টাকা, ক্রমপুঞ্জিত আদায়ের হার ১০০%।</td>
<td>বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল, আদায় হার সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয় হয়। পাশাপাশি বকেয়া টাকা আদায়সহ বকেয়া ঋণী সদস্য কমানোর জন্য নির্দেশ প্রদান করা হয়।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দীঘিনালা।</td>
</tr>
<tr>
<td>১২</td>
<td>উপজেলা সমবায় দপ্তর ঃ উপজেলা সমবায় কর্মকর্তা তাঁর দপ্তরে ডিসেম্বর/২০২২খ্রিঃ মাসের কার্যক্রম নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।
<table>
<tr><th colspan="3">সমিতি নিবন্ধন</th><th colspan="2">বিন্যাসভিত্তি</th><th colspan="3">সুবিধাভোগী সমবায়ী সংখ্যা</th><th rowspan="2">২০২২-২৩ অর্থ বছরে অডিটযোগ্য সমিতি</th><th colspan="3">অডিট অগ্রগতি</th></tr>
<tr><th>বিভাগীয়</th><th>চলতি মাসে বাতিল</th><th>মোট</th><th>কেন্দ্রিয়</th><th>প্রাথমিক</th><th>পুরুষ</th><th>মহিলা</th><th>সর্বমোট</th><th>গত মাস পর্যন্ত</th><th>চলতি মাসে</th><th>মাস শেষে</th></tr>
<tr><td>৮৪</td><td>০৬টি</td><td>৭৮টি</td><td>১টি</td><td>৮৭টি</td><td>৭৬৭৮ জন</td><td>৬৪০ জন</td><td>৮৩১৮ জন</td><td>৫৬টি</td><td>৪৭টি</td><td>০৫টি</td><td>৫২টি</td></tr>
</table>
রাজস্ব আদায় লক্ষ্যমাত্রা ঃ ২২,১২০/- টাকা, আদায়-২২,১২০/- টাকা। আদায় হার ১০০%। সি.ডি.এফ (সমবায় উন্নয়ন তহবিল) লক্ষ্যমাত্রা ৮১৪৬/- টাকা, আদায় ৮১৪৬/- টাকা, আদায় হার ১০০% মর্মে তিনি সভায় জানান।</td>
<td>বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল, কার্যক্রম সন্তোষজনক।</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা, দীঘিনালা।</td>
</tr>
<tr>
<td>১৩</td>
<td>উপজেলা মহিলা ও শিশু বিষয়ক দপ্তর ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাঁর দপ্তরের ডিসেম্বর/২০২২খ্রিঃ মাসের কার্যক্রম সম্পর্কে নিম্নোক্ত ভাবে উপস্থাপন করেন-<br><br>(১) <u>ভিডব্লিউবি কার্যক্রম</u> : ২০২২-২৩ অর্থ বছরে (ভিডব্লিউবি) চক্রের আবেদন যাচাই-বাছাইয়ের পর উপজেলায় ৫টি ইউনিয়নে তালিকা চূড়ান্ত করা হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে জানুয়ারি-ফেব্রুয়ারি/২০২৩খ্রিঃ পর্যন্ত ০২ (দুই) মাসের মাসের চাল একসাথে ১২৯৬ জন (ভিডব্লিউবি) কার্ডধারী ভাতাভোগীদের মাঝে বিতরণ করা হবে।<br><br>(২) <u>আইজিএ প্রশিক্ষণ কার্যক্রম</u> : উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রকল্পের আওতায় (ফ্যাশন ডিজাইন ও মোমবাতি) ২টি ট্রেডে প্রতি ব্যাচে ২৫ জন করে মোট ৫০জন প্রশিক্ষণার্থীকে ১৮ তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br><br>(৩) <u>কিশোর কিশোরী ক্লাব</u>: কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় ৫টি ইউনিয়নে ৫টি ক্লাব রয়েছে। প্রতি ক্লাবে কিশোর ১০ জন এবং ২০ জন কিশোরীকে প্রশিক্ষকের মাধ্যমে সংগীত ও আবৃত্তি বিষয়ে শেখানো হচ্ছে। প্রতিটি ক্লাবে জানুয়ারি-ডিসেম্বর/২০২৩ পর্যন্ত নতুন ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।<br><br>(৪) <u>আত্নকর্মসংস্থানে জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম</u> : আত্নকর্মসংস্থানে জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় ৫-১৫ হাজার টাকা পর্যন্ত স্বল্পসুদে ১১৭ জন মহিলাদের মাঝে সর্বমোট ৭,৫০,০০০/- টাকা আত্ন-কর্মসংস্থানের জন্য ঋণ বিতরণ করা হয়েছে।<br><br>(৫) <u>মাতৃত্বকাল ভাতা কার্যক্রম</u>: মাতৃত্বকাল ভাতা কার্যক্রমের আওতায় অত্র উপজেলায় ৩৪২ জন মাতৃত্বকাল উপকারভোগীদের মাঝে বরাদ্দ প্রাপ্তী সাপেক্ষে প্রতি মাসে ৮০০/- (আটশত) টাকা করে তিন বছর পর্যন্ত মোট ৩৪২ জন্য মাতৃত্ব ভাতা পেয়ে থাকেন। উপজেলায় ৫টি ইউনিয়নে নতুন ভাতাভোগীর তালিকা প্রণয়নের জন্য ৩১-০১-২০২৩খ্রিঃ পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে মর্মে তিনি সভায় জানান।</td>
<td>(১) কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল। সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের লক্ষ্যে সকলের সমন্বয়ের মাধ্যমে কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(২) বাবুছড়া ইউনিয়ন দুর্গম এলাকা বিবেচনায় কিশোর-কিশোরী ক্লাবকে ০২(দুই) ভাগ করে ৬(ছয়) মাস নারাইছড়ি এবং বাকী ৬ (ছয়) মাস বাবুছড়া করে ক্লাবের কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দীঘিনালা।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>১৪</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা তাঁর দপ্তরে ডিসেম্বর/২০২২খ্রিঃ মাসের কার্যক্রমের প্রতিবেদন নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।
<table>
<tr><th rowspan="2">নং</th><th rowspan="2">কার্যক্রম</th><th>বার্ষিক লক্ষ্যমাত্রা (২০২২-২০২৩)</th><th colspan="2">অর্জন (২০২২-২০২৩)</th><th rowspan="2">বার্ষিক অগ্রগতি হার</th><th rowspan="2">ক্রমপুঞ্জিত অর্জন</th></tr>
<tr><th>বছরে</th><th>অক্টোবর মাসে</th><th>বছরে</th></tr>
<tr><td>১</td><td>সমিতি গঠন</td><td>০</td><td>০</td><td>০</td><td>০%</td><td>১৬১</td></tr>
<tr><td>২</td><td>সদস্য ভর্তি</td><td>২৪ জন</td><td>০</td><td>০</td><td>০%</td><td>৩২৭৭জন</td></tr>
<tr><td>৩</td><td>শেয়ার জমা</td><td>০.৬৫</td><td>০.১০</td><td>০.৪৯</td><td>৭৫%</td><td>১৪.১০</td></tr>
<tr><td>৪</td><td>সঞ্চয় জমা</td><td>৪.২৫</td><td>০.৫০</td><td>৩.৮৩</td><td>৯০%</td><td>৭৪.১৪</td></tr>
<tr><td>৫</td><td>ঋণ বিতরণ</td><td>১৫০.০০</td><td>৫.৪৫</td><td>৫৫.৬১</td><td>৩৭%</td><td>২১০০.২১</td></tr>
<tr><td>৬</td><td>ঋণ গ্রহীতার সদস্য</td><td>৫০০</td><td>১৮</td><td>১৭৮</td><td>৩৫%</td><td>৩১৬১</td></tr>
<tr><td>৭</td><td>ঋণ আদায়</td><td>১৪০.০০</td><td>২৬.৮৩</td><td>৬৯.৪১</td><td>৫০%</td><td>১৯৫৩.৮৭</td></tr>
<tr><td>৮</td><td>প্রশিক্ষণ</td><td>৬০ জন</td><td>০</td><td>০</td><td>০%</td><td>১১৮০</td></tr>
<tr><td>৯</td><td>সমিতি অডিট</td><td>৮৭টি</td><td>০৪টি</td><td>০৪টি</td><td>৫%</td><td>৮৭টি</td></tr>
<tr><td>১০</td><td>সমিতি এজিএম</td><td>৮৭</td><td>০৯</td><td>১৬</td><td>১৮%</td><td>৮৭</td></tr>
<tr><td>১১</td><td>সমিতি নির্বাচন</td><td>১৮</td><td>০৪</td><td>০৫</td><td>২৭%</td><td>৮৭</td></tr>
<tr><td>১২</td><td>সদস্য পরিদর্শন</td><td>১৬০</td><td>১৪</td><td>৩৯</td><td>২৪%</td><td>১৬০ জন</td></tr>
</table>
</td>
<td>বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল, কার্যক্রম সন্তোষজনক।</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দীঘিনালা।</td>
</tr>
<tr>
<td>১৫</td>
<td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর ঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী তাঁর দপ্তরে ডিসেম্বর/২০২২খ্রিঃ মাসের কার্যক্রম নিম্নোক্তভাবে উপস্থাপন করেন-<br>(১) ২০২১-২০২২ অর্থ বছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৩০টি গভীর এবং অগভীর নলকূপের বরাদ্দ পাওয়া যায় এবং বর্ণিত বরাদ্দে বিপরীতে ৯০টি কাজ সম্পন্ন হয়েছে এবং বাকীগুলোর কাজ চলমান রয়েছে।<br>(২) ৫৮ গ্রামে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৭টি কাজের মধ্যে ইতোমধ্যে ৪টি কাজ সম্পন্ন করা হয়েছে এবং সংশ্লিষ্টদের নিকট হস্তান্তর করা হয়েছে। বাকী ৩টি কাজ চলমান রয়েছে। একই প্রকল্পের আওতায় ৬টি পাবলিক টয়লেটের কাজ চলমান রয়েছে।<br>(৩) স্কুল পর্যায়ে পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ৬টি বিদ্যালয়ের দ্বীতল ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে।<br>(৪) মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ১ম পর্যায়ে জলাধারসহ ১৩ টি নলকূপ এবং ২য় পর্যায়ে ৪০টি নলকূপসহ সর্বমোট ৫৩টির কাজ সম্পন্ন করা হয়েছে। আগামী কয়েক দিনের মধ্যে নতুর বরাদ্দের কাজ শুরু হবে মর্মে তিনি সভায় জানান।<br>(৫) তীব্র পানি সংকট ৯ মাইল এবং মায়াফা পাড়া এলাকায় গত ০৮-০১-২০২৩ খ্রিঃ তারিখে মাননীয় এমপি মোহদয়ের মাধ্যমে উৎপাদক নলকূপের কাজটি উদ্বোধন করা হয়েছে। যাহা ৯ মাইল এলাকায় বসবাসকারী পরিবারের জন্য দীর্ঘ দিনের প্রত্যাশা ছিল। এছাড়াও একই প্রকল্পের আওতায় মায়াফা পাড়া এলাকায়ও উৎপাদক নলকূপ স্থাপনের মাধ্যমে পানির সন্ধান পাওয়া গিয়াছে এবং কিছু দিনের মধ্যে বসবাসকারী জনগন সুফল ভোগ করবে মর্মে তিনি সভায় জানান।</td>
<td>কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল। উপজেলায় তীব্র পানি সংকট এলাকায় নতুন পানির উৎস/জলধার নির্মাণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, দীঘিনালা।</td>
</tr>
<tr>
<td>১৬</td>
<td>উপজেলা পরিবেশ ও বন দপ্তর ঃ<br><u>(ক) মেরুং রেঞ্জ- (খ) হাজাছড়ি রেঞ্জ- (ক) নাড়াইছড়ি রেঞ্জ</u> ঃ সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তাগণ তাঁদের দপ্তরে সংশ্লিষ্ট সকল কার্যক্রম সন্তোষজনক পর্যাযে চলমান রয়েছে মর্মে সভায় জানান।</td>
<td>কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং বনায়ন সৃজনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>উপজেলা রেঞ্জ কর্মকর্তা (সকল), দীঘিনালা।</td>
</tr>
</table>

| | বিবিধ বিষয়ে আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকার |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, সোনালী ব্যাংক লিমিটেড, দীঘিনালা শাখা এর পত্র নং-এসবিএল/দীঘিঃ/খাগড়া/২৮৩, তারিখ ২৪/১০/২০২২খ্রিঃ মূলে এ কার্যালয়ে একটি আবেদন পাওয়া যায়। বর্ণিত আবেদনে জেলা প্রশাসক সম্মেলন ২০১৮-এ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সম্পর্কিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অংশ হিসেবে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা উত্তোলনের সুবিধার্থে উপজেলা পর্যায়ে (ATM) বুথ স্থাপনের বিষয়টি উল্লেখ রয়েছে। এই পরিপ্রেক্ষিতে সোনালী ব্যাংক লিমিটেড, দীঘিনালা শাখা এর তত্ত্বাবধানে উপজেলা কমপ্লেক্সের ভিতরে এটিএম (ATM) বুথ স্থাপনের নিমিত্তে স্থান নির্বাচনের জন্য তিনি সভায় উপস্থিত সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | সোনালী ব্যাংক লিমিটেড, দীঘিনালা শাখা এর তত্ত্বাবধানে এটিএম (ATM) বুথ স্থাপনের নিমিত্তে উপজেলা পরিষদ কমপ্লেক্সের ভিতরে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ এর অর্থায়নে নির্মাণাধীন পরিষদ মিনি কমিউনিটি সেন্টার সংলগ্ন স্থানে বর্ণিত শর্তসাপেক্ষে বিনা ভাড়ায় সোনালী ব্যাংকের এটিএম (ATM) বুথ স্থাপনের জন্য সভায় উপস্থিত সকল সদস্যের সর্বসম্মতিক্রমে অনুমোদন হয়। | উপজেলা কমিটি ও সংশ্লিষ্ট (সকল) দীঘিনালা। |

অতঃপর সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আবারও শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ কাশেম)
চেয়ারম্যান
দীঘিনালা উপজেলা পরিষদ
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ই-মেইল : uzpdighinala@gmail.com

স্মারক নং-৪৬.০২.৪৬৪৩.০০০.০৬.০০২.২১-০৭

তারিখ ঃ ০২-০২-২০২৩খ্রিস্টাব্দ

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ
০১। মাননীয় সংসদ সদস্য, ২৯৮ খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল ভবন, ১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা-১০০০।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৭। জেলা..............................................................................উপ-পরিচালক/কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৮। উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৯। উপজেলা.............................................................................................কর্মকর্তা, দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১০। চেয়ারম্যান (সকল), বোয়ালখালী/মেরুং/কবাখালী/দীঘিনালা/বাবুছড়া ইউনিয়ন পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১১। উপজেলা সংরক্ষিত মহিলা সদস্য, মিজ.......................................... মেরুং/কবাখালী ইউপি, দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১২। জনাব ....................................................................................................দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা

(মুহাম্মদ আরাফাতুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
দীঘিনালা
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
দীঘিনালা উপজেলা পরিষদ
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ই-মেইল : unodighinala@mopa.gov.bd

উপজেলা পরিষদ সাধারণ সভায় জানুয়ারি/২০২৩খ্রিঃ মাসে উপস্থিত সদস্যগণের নাম পরিচিতি 'ক' (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব মোঃ কাশেম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দীঘিনালা। |
| ০২ | মুহাম্মদ আরাফাতুল আলম, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, দীঘিনালা। |
| ০৩ | জনাব মোঃ মোস্তফা কামাল, ভাইস চেয়ারম্যান (পুরুষ), উপজেলা পরিষদ, দীঘিনালা। |
| ০৪ | মিজ সীমা দেওয়ান, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, দীঘিনালা। |
| ০৫ | জনাব প্রজ্ঞান জ্যোতি চাকমা, চেয়ারম্যান, ৪নং দীঘিনালা ইউনিয়ন পরিষদ, দীঘিনালা। |
| ০৬ | জনাব সন্তোজ জীবন চাকমা, ৫নং বাবুছড়া ইউনিয়ন পরিষদ, দীঘিনালা। |
| ০৭ | জনাব মাহমুদা বেগম, চেয়ারম্যান ১নং মেরুং ইউনিয়ন পরিষদ, দীঘিনালা। |
| ০৮ | জনাব মোঃ শফিকুল ইসলাম, চেয়ারম্যান, ৩নং কবাখালী ইউনিয়ন পরিষদ, দীঘিনালা |
| ০৯ | ডা.তনয় তালকুদার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, দীঘিনালা। |
| ১০ | জনাব মোঃ শাহাদাত হোসেন, উপজেলা কৃষি কর্মকর্তা, দীঘিনালা। |
| ১১ | জনাব নিটু দেওয়ান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দীঘিনালা। |
| ১২ | ডা. সুমেন চাকমা, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দীঘিনালা । |
| ১৩ | জনাব মোঃ ইমরান হোসেন, প্রতিনিধি, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দীঘিনালা। |
| ১৪ | জনাব প্রদিৎ চাকমা, প্রতিনিধি, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দীঘিনালা। |
| ১৫ | জনাব প্রিয় সম্পদ চাকমা, প্রতিনিধি, উপজেলা মৎস্য কর্মকর্তা, দীঘিনালা। |
| ১৬ | জনাব ত্রিরতন চাকমা, উপজেলা সমবায় কর্মকর্তা, দীঘিনালা। |
| ১৭ | জনাব আবদুল্লাহ আল মামুন, প্রতিনিধি, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দীঘিনালা। |
| ১৮ | জনাব সুস্মিতা খীসা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দীঘিনালা। |
| ১৯ | জনাব আব্দুস সালাম, উপজেলা প্রকল্প বাস্তাবয়ন কর্মকর্তা, দীঘিনালা। |
| ২০ | জনাব সোনামিত্র চাকমা, প্রতিনিধি, উপজেলা শিক্ষা অফিসার (ভাঃ), দীঘিনালা। |
| ২১ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম সরকার, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দীঘিনালা। |
| ২২ | জনাব শামসুল আলম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ২৩ | জনাব হুমায়ন কবির পাটোয়ারী, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দীঘিনালা। |
| ২৪ | জনাব মোঃ আব্দুল জলিল, রেঞ্জ কর্মকর্তা, নাড়াইছড়ি রেঞ্জ, দীঘিনালা। |
| ২৫ | জনাব সুব্রত কুমার দাস, প্রতিনিধি, রেঞ্জ কর্মকর্তা, মেরুং রেঞ্জ, দীঘিনালা। |
| ২৬ | জনাব মোঃ তুহিনুল হক, রেঞ্জ কর্মকর্তা, হাজাছড়ি রেঞ্জ, দীঘিনালা। |
| ২৭ | জনাব স্বহৃদ চাকমা, উপজেলা ডেভেলফমেন্ট ফ্যাসিলিটেটর, উপজেলা পরিষদ কার্যালয়, দীঘিনালা। |
| ২৮ | জনাব সন্তোষ চাকমা, আবাসিক প্রকৌশলী, বিপিডিবি, দীঘিনালা। |

উপজেলা পরিষদ সাধারণ সভায় জানুয়ারি/২০২৩খ্রিঃ মাসে অনুপস্থিত সদস্যগণের নাম পরিচিতি 'ক' (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব চয়ন বিকাশ চাকমা, চেয়ারম্যান, ২নং বোয়ালখালী ইউনিয়ন পরিষদ, দীঘিনালা। |
| | |
| | |